

Visit of External Affairs Minister to Bali, Indonesia for G20 Foreign Minister's Meeting (FMM)

July 05, 2022

জি20 বিদেশমন্ত্রীদের বৈঠক(এফএমএম)-এ যোগদানের জন্য বিদেশমন্ত্রীর বালি, ইন্দোনেশিয়া সফর

জুলাই 05, 2022

পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী(ইএম), ডঃ এস জয়শংকর জি20 বিদেশমন্ত্রীদের বৈঠক(এফএমএম)-এ যোগদানের জন্য 07 -08 জুলাই 2022 -এ ইন্দোনেশিয়ার বালি সফর করবেন। ইন্দোনেশিয়া প্রজাতন্ত্রের পররাষ্ট্র বিষয়ক মন্ত্র ইন্দোনেশিয়ার জি20 সভাপতিত্বের অবকাঠামোর মধ্যে এই বৈঠকের আয়োজন করছে। এফএমএম-এ অংশগ্রহণকারী বিদেশমন্ত্রীরা খাদ্য এবং শক্তি সুরক্ষা সহ বর্তমান আন্তর্জাতিক চ্যালেঞ্জ এবং বহুপাক্ষিকতাকে শক্তিশালী করার মত সমসাময়িক প্রাসঙ্গিকতার বিষয়ের উপরে বক্তব্য রাখবেন। আশা করা যায় যে, সফর চলাকালীন বিদেশমন্ত্রী অন্যান্য জি20 সদস্য রাষ্ট্র এবং আমন্ত্রিত দেশগুলির তার সমপদস্থদের সাথে বেশ কয়েকটি দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

2. জি20 এফএমএম-এ বিদেশমন্ত্রীর অংশগ্রহণ , জি20 সদস্য রাষ্ট্রগুলির সাথে ভারতের সম্পৃক্ততাকে মজবুত করবে। জি20 ত্রিসদস্য দেশ এবং আসন্ন জি20 র সভাপতিত্বকারী দেশ হিসেবে , আসন্ন এফএমএম আলোচনায় ভারতের ভূমিকা আরও বেশী গুরুত্ব বহন করে। আমরা বর্তমানে ইন্দোনেশিয়ার সভাপতিত্বের প্রতি অটল সমর্থন প্রসারিত করছি, এবং সভাপতিত্বকালে অর্থপূর্ণ ফলাফল অর্জনের লক্ষ্যে সমসাময়িক বৈশ্বিক চ্যালেঞ্জের বিষয়ে আলোচনা এগিয়ে নেব।

নিউ দিল্লি

জুলাই 05, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.